

E-Paper

আনন্দবাজার.com

 Log in

প্রথম পাতা

কলকাতা

পশ্চিমবঙ্গ ▾

দেশ

বিদেশ

সম্পাদকের পাতা ▾

আরও

[Anandabazar](#) / [West Bengal](#) / [Father of Injured student in JU incident said Bratya Basu seeks apologize by a phone call dgtl](#)

‘ফোন করে দুঃখপ্রকাশ করেছেন’ ব্রাত্য, জানালেন যাদবপুরের আহত ছাত্র ইন্দ্রানুজের শিক্ষক পিতা

মঙ্গলবার আহত পড়ুয়া ইন্দ্রানুজের পিতা অমিত বলেন, “শিক্ষামন্ত্রী ফোন করেছিলেন। উনি অনুতপ্ত। দুঃখপ্রকাশ করেছেন। উনি ইন্দ্রানুজের দ্রুত আরোগ্য কামনা করেছেন।”

আনন্দবাজারcom

ব্রাত্য বসু। —ফাইল চিত্র

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

শেষ আপডেট: ০৪ মার্চ ২০২৫ ১২:২৩


Share 

Save

ফোন করে দুঃখপ্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। এমনই দাবি করলেন যাদবপুরের ঘটনায় আহত ছাত্র ইন্দ্রানুজ রায়ের পিতা অমিত রায়। মঙ্গলবার ‘এবিপি আনন্দ’কে অমিত বলেন, “শিক্ষামন্ত্রী ফোন করেছিলেন। উনি অনুতপ্ত। দুঃখপ্রকাশ করেছেন। উনি ইন্দ্রানুজের দ্রুত আরোগ্য কামনা করেছেন। বলেছেন, উনি এবং ওঁর স্ত্রী খুবই কষ্ট পাচ্ছেন। ইন্দ্রানুজ ওঁর ছেলের মতো, সেটাও বলেছেন।”

Advertisement

Powered by



গত শনিবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে হেনস্থার শিকার হন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য। তাঁকে ঘিরে বিক্ষোভের সময় আহতও হন মন্ত্রী। তার পরেই অশান্তি ছড়িয়ে পড়ে যাদবপুরে। তাতে জখমও হন শিক্ষামন্ত্রীকে ঘিরে বিক্ষোভ দেখানো দুই পড়ুয়া। তাঁদের মধ্যে এক জন হলেন ইন্দ্রানুজ। অভিযোগ, তাঁকে চাপা দিয়ে চলে গিয়েছে মন্ত্রীর গাড়ি। আহত অবস্থায় ওই পড়ুয়া যাদবপুরের একটি হাসপাতালে চিকিৎসাধীন। আরও দু’দিন তাঁকে হাসপাতালে রাখার সিদ্ধান্ত নিয়েছেন মেডিক্যাল বোর্ডের সদস্যেরা।

মঙ্গলবার ইন্দ্রানুজের পিতা অমিত জানান, সোমবার সন্ধ্যায় শিক্ষামন্ত্রী তাঁকে ফোন করেছিলেন। শিক্ষামন্ত্রীর ‘শিষ্টাচার’কে তাঁর পরিবার ভাল ভাবে নিচ্ছে বলে জানিয়েছেন অমিত। ইন্দ্রানুজের পিতা এ-ও জানান যে, আহত পড়ুয়া হাসপাতাল থেকে ছাড়া পেলে ফোনে ইন্দ্রানুজের সঙ্গে কথা বলবেন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী। যাদবপুরের সে দিনের ঘটনার পর একাধিক ছাত্র সংগঠন শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করেছে। তাঁরাও কি ব্রাত্যের পদত্যাগ চান? প্রশ্নের উত্তরে অমিত জানান, তাঁরা পদত্যাগ চান না। বরং চান প্রতিটি পদের গরিমা থাকুক।

আরও পড়ুন:

আনন্দবাজার.com

পুতিনের সঙ্গে চুক্তি চান ট্রাম্প? হোয়াইট
হাউসের রুশ-নিষেধাজ্ঞা শিথিলের
ভাবনায় তেমনই ইঙ্গিত

আনন্দবাজার.com

পুরীর জগন্নাথ মন্দিরে চালু হচ্ছে নয়া
নিয়ম, দর্শনার্থীদের জন্য কী কী পদক্ষেপ
করছেন কর্তৃপক্ষ

শনিবারের ঘটনা প্রসঙ্গে ইন্দ্রানুজের পিতা জানান, বয়সে ছোট ছেলেমেয়েরা
ভুল করলে বড়দের সহনশীল হতে হয়। ইন্দ্রানুজ-সহ অন্য পড়ুয়াদের বিরুদ্ধে
যে ‘মিথ্যা অভিযোগ’ দায়ের হয়েছে, সেগুলির বিষয়ে ব্রাত্যের দৃষ্টি আকর্ষণ
করা হয়েছে বলে জানান অমিত।